

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১৬৩

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصلُ الثَّنِيُّ (بَابِ مَنَاقِبِ أَهْلِ)

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْحَسَنُ وَالْحُسَيْنُ سَيِّدَا شَبَابَ أَهْلِ الْجَنَّةِ» . رَوَاهُ التَّرْمِذِيُّ

صحيح ، رواه الترمذى (3768) وقال : صحيح حسن) -

(حسن صحيح)

বাংলা

৬১৬৩-[২৯] আবু সাউদ (আল খুদরী) (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: হাসান ও হুসায়ন দু'জনই যুবক জান্নাতীদের নেতা। (তিরমিয়ী)

ফুটনোট

সহীহ: তিরমিয়ী ৩৭৬৮, সিলসিলাতুস সহীহাহ ৭৯৬, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩২১৭৬, ১১০১২, সহীহ ইবনু হিবান ৬৯৬৯, হিলইয়াতুল আওলিয়া ৫/৫৮, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ২৫৩৫, আল মু'জামুল আওসাত্ত ৩৬৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম মুজাহিদ (রহিমাতুল্লাহ) বলেন:

- (১) আল্লাহর পথে যে সমস্ত যুবক মৃত্যুবরণ করেছে এবং জান্নাতে প্রবেশ করেছে, তাদের সকলের চেয়ে উত্তম হলো, হাসান ও হুসায়ন (রাঃ)। এখানে যুবকদের বয়স বর্ণনা করা হয়নি।
- (২) অথবা নবীগণ ও খুলাফায়ে রাশিদীন ব্যতীত সকল জান্নাতীদের সরদার হলেন, হাসান ও হুসায়ন (রাঃ)।

কেননা সকল জাগ্নাতী ব্যক্তি যুবকও একই বয়সের হবে। তাদের মধ্যে কোন বৃদ্ধ ও শিশু থাকবে না।  
‘আঞ্জামাত্ ত্বীবী (রহিমাঞ্জলাহ) বলেন, এ উদ্দেশ্য হওয়াও সম্ভব যে, বর্তমান যুগে যে সমস্ত যুবক মৃত্যুবরণ করে  
জাগ্নাতে যাচ্ছে, তাদের নেতা হলেন হাসান ও হুসায়ন (রাঃ)। (মিরকাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়ায়ী হা.  
৩৭৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু সাইদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86139>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন